**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/২৪ মে, ২০২১ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং- ১২৯-আইন/২০২১/১৮/কাস্টমস।**– Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এর আওতাধীন কলাম (3) তে বর্ণিত অগ্নি নির্বাপণ ব্যবস্থা সংশ্লিষ্ট পণ্যসমূহকে, উহাদের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত হয় সেই পরিমাণ এবং সমুদয় রেগুলেটরি ডিউটি, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**TABLE**

| **Heading** | **H.S. Code** | **Description** |
|---|---|---|
| **(1)** | **(2)** | **(3)** |
| 25.20 | 2520.20.00 | Promaspray-300 (Plaster/Cement) |
| 32.08 | 3208.10.90 | Bondseal paint |
| | 3208.90.90 | Fire retardant paint |
| 38.13 | 3813.00.00 | Cold Fire, Fire fighting agent, Extinguishing agent |
| 39.17 | 3917.10.00 | Artificial guts (Sausage casings) of hardened protein or of cellulosic materials |
| | 3917.21.00 | Hose of polymers of ethylene |
| | 3917.22.00 | Hose of polymers of propylene |
| | 3917.23.10 | PVC shrinkable tube (plain) |
| | 3917.23.90 | Taflon Tape |
| 40.09 | 4009.11.00 | Hose of vulcanised rubber without fittings |
| | 4009.12.00 | Hose of vulcanised rubber with fittings |
| 59.09 | 5909.00.00 | Textile hosepiping and similar textile tubing, with or without lining, armour or accessories of other meterial. |

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| **(1)** | **(2)** | **(3)** |
| 68.06 | 6806.90.00 | Spray applied fire resistant material (SFRM)/ Cementitious fireproofing material based on Vermiculite and Portland Cement |
| 73.03 | 7303.00.00 | Tubes, pipes and hollow profiles, of cast iron. |
| 73.04 | 7304.11.10 | Exceeding 8 inch inner dia |
| | 7304.11.20 | 8 inch inner dia or less |
| | 7304.19.10 | Exceeding 8 inch inner dia |
| | 7304.19.20 | 8 inch inner dia or less |
| | 7304.22.10 | Exceeding 8 inch dia |
| | 7304.22.20 | 8 inch inner dia or less |
| | 7304.23.10 | Exceeding 8 inch inner dia |
| | 7304.23.20 | 8 inch inner dia or less |
| | 7304.24.10 | Exceeding 8 inch inner dia |
| | 7304.24.20 | 8 inch inner dia or less |
| | 7304.29.10 | Exceeding 8 inch inner dia |
| | 7304.31.00 | Cold-drawn or cold rolled (cold-reduced) |
| | 7304.39.00 | Seamless Pipe |
| 73.06 | 7306.19.10 | Exceeding 8 inch inner dia |
| | 7306.19.20 | 8 inch inner dia or less |
| | 7306.29.10 | Exceeding 8 inch inner dia |
| | 7306.29.20 | 8 inch inner dia or less |
| | 7306.30.00 | Other, welded, of circular cross-section of iron or non-alloy steel |
| | 7306.90.00 | Other black steel pipe |
| 73.07 | 7307.19.00 | Coupling, tee, reducer |
| | 7307.21.00 | Flanges |
| | 7307.22.00 | Threaded elbows, bends and sleeves |
| | 7307.29.00 | Elbows, tee, reducer |
| | 7307.91.00 | Flanges |
| | 7307.92.90 | Sleeves |
| | 7307.93.00 | Tee, reducer |
| | 7307.99.90 | Flexible Joint, tee, reducer |
| 73.08 | 7308.30.00 | Fire Resistant Door |
| 73.09 | 7309.00.00 | Reservoirs, tanks, vats and similar containers for any material (other than compressed or liquefied gas) of iron or steel, of a capacity exceeding 300 L, whether or not lined or heat-insulted, but not fitted with machanical or thermal equipment |
| 73.10 | 7310.29.00 | Tank |
| 73.18 | 7318.14.90 | Screws |

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| **(1)** | **(2)** | **(3)** |
| | 7318.16.00 | Nuts |
| | 7318.29.90 | Nipple |
| 73.26 | 7326.90.90 | Hose rack, hose cabinet, single/double door cabinet hanger and Empty CE stainless water fire extinguisher |
| 83.03 | 8303.00.00 | Armoured or reinforced safes, strong-boxes and doors and safe deposit lockers for strong-rooms, cash or deed boxes and the like, of base metal. |
| 84.24 | 8424.10.00 | Cold Fire tactical loop, Tactical loop hole can |
| | 8424.20.30 | Sprinkler system and equipments; Auto sprinkler system and equipments |
| 84.81 | 8481.10.19 | Pressure Reducing Valves |
| | 8481.20.10 | Valves for oleo hydraulic or pneumatic transmissions of inner diameter not exceeding 1 inch |
| | 8481.30.19 | Check/non return valves of inner diameter not exceeding 1 inch |
| | 8481.40.19 | Safety or relief valves of inner diameter not exceeding 1 inch |
| | 8481.80.21 | Hand diaphragm valve |
| | 8481.80.29 | Air release valve |
| | 8481.80.90 | Ball valve, butterfly valve, gate valve, piller hydrant, Y-strainer |
| | 8481.90.10 | Parts of taps and cocks |
| 85.28 | 8528.69.00 | Video conference device |
| 85.31 | 8531.20.00 | Indicator panels incorporating liquid crystal devices (LCD) or light emitting diodes (LED) |
| | 8531.80.00 | Other apparatus |
| 85.37 | 8537.10.19 | Control Panel, Console |
| 85.39 | 8539.50.00 | LED lamps, bulbs and tubes without fittings. |
| 85.44 | 8544.11.90 | Copper Cable |
| | 8544.19.90 | Cable |
| 94.05 | 9405.40.90 | Emergency light with Exit sign and double heads |

**শর্তাবলি:**

(১) সংশ্লিষ্ট আমদানিকারককে Industrial IRC holder VAT compliant উৎপাদনকারী (Manufacturer) অথবা VAT compliant সেবা প্রদানকারী হইতে হইবে;

**ব্যাখ্যা**

(অ) "Industrial IRC holder" অর্থ এমন প্রতিষ্ঠান যাহার আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে;

(আ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীনে নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এমন উৎপাদনকারী বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান;

(২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো ধরনের দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে;

(৩) কারখানার বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের লে-আউট প্ল্যান অনুযায়ী শিল্প বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের অগ্নি নির্বাপণ ব্যবস্থা স্থাপনে TABLE-এ বর্ণিত পণ্যের মধ্যে কোন কোন পণ্য কি পরিমাণে আমদানি করিতে হইবে তাহার সমর্থনে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন পরিদর্শন সংস্থা/কারখানার বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের লে-আউট প্ল্যান প্রস্তুতকারী রেজিস্টার্ড ইঞ্জিনিয়ারিং ফার্ম এবং উক্ত আমদানিকারক যেই এসোসিয়েশনের সদস্যভুক্ত সেই এসোসিয়েশন হইতে **পরিশিষ্ট-১** মোতাবেক একটি যৌথ প্রত্যয়নপত্র পণ্য শুল্কায়নকালে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে দাখিল করিতে হইবে;

(৪) অগ্নি নির্বাপণ ব্যবস্থার লে-আউট প্ল্যান বহির্ভূত কোনো পণ্য এই প্রজ্ঞাপনের অধীনে রেয়াতি সুবিধা পাইবে না এবং এই প্রজ্ঞাপনের আওতায় কোনো প্রতিষ্ঠান প্রজ্ঞাপনে উল্লিখিত লে-আউট প্ল্যানভুক্ত প্রতিটি আইটেম প্রয়োজন অনুযায়ী শুধুমাত্র একবার (প্রযোজ্য ক্ষেত্রে একাধিক চালানে) আমদানি করিতে পারিবে এবং এইক্ষেত্রে কোনো প্রতিষ্ঠান প্রজ্ঞাপনে বর্ণিত পণ্য অন্য কোনো কাস্টমস স্টেশনের মাধ্যমে ইতিপূর্বে আমদানি করিয়াছে কিনা তাহা সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন নিশ্চিত হইয়া লইবেন;

(৫) কোনো প্রতিষ্ঠান পরবর্তীতে সম্প্রসারণ করা হইলে সম্প্রসারিত অংশের জন্য প্রযোজ্য লে-আউট প্ল্যানভুক্ত পণ্য এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি সুবিধায় আমদানি করিতে পারিবে এবং এইরূপ ক্ষেত্রে দফা (৪) এর পদ্ধতি অনুসরণ করিতে হইবে;

(৬) আমদানিকৃত উপকরণ নিজস্ব শিল্প বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের অগ্নি নির্বাপণ ব্যবস্থা ব্যতীত অন্য কোথাও ব্যবহার করা হইবে না এবং আমদানিকৃত উপকরণ অন্যবিধ কাজে ব্যবহার বা হস্তান্তর করা হইলে আরোপণীয় শুল্ক-কর পরিশোধসহ Customs Act, 1969 এর অধীনে যে কোনো আইনানুগ শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিবেন মর্মে আমদানিকারক কর্তৃক যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গিকারনামা সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

(৭) আমদানিকৃত পণ্য আমদানিকারকের শিল্প বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে স্থাপন করা হইয়াছে কিনা তাহা সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন কর্তৃপক্ষকে সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেট অথবা মূল্য সংযোজন কর কমিশনারেট এর মাধ্যমে সরেজমিন যাচাইপূর্বক নিশ্চিত হইতে হইবে;

(৮) দফা (৫) বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন কর্তৃপক্ষ পণ্যচালান খালাসপূর্বক লিখিতভাবে অথবা ই-মেইল যোগে সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেট অথবা মূল্য সংযোজন কর কমিশনারেটকে অবহিত করিবেন;

(৯) দফা (৫) এর উদ্দেশ্য পূরণকল্পে, কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন হইতে পত্র বা ই-মেইল প্রাপ্তির পর সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেট অথবা মূল্য সংযোজন কর কমিশনারেট আমদানিকারক শিল্প বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শনপূর্বক **পরিশিষ্ট-২** মোতাবেক একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে প্রেরণ করিবেন;

(১০) কোনো শিল্প প্রতিষ্ঠানে স্থাপিত অগ্নি নির্বাপক দরজা (Fire Resistant Door) প্রতিস্থাপনের প্রয়োজনে পুনরায় আমদানি করিতে হইলে উক্ত প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় দপ্তর উক্ত প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে উক্তরূপ আমদানির বিষয়ে প্রতিবেদন প্রেরণ করিবেন এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক অগ্নি নির্বাপক দরজা প্রতিস্থাপনের জন্য প্রয়োজনীয় পরিমাণ সুনির্দিষ্টভাবে উল্লেখ করিয়া দফা (২) মোতাবেক প্রত্যয়নপত্র পণ্য শুল্কায়নকালে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে দাখিল করিতে হইবে এবং এইক্ষেত্রে দফা (৩) হইতে দফা (৮) এর বিধানাবলি প্রযোজ্য হইবে; এবং

(১১) প্রত্যয়নপত্র মোতাবেক আমদানিকৃত পণ্য সংশ্লিষ্ট শিল্প বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে ব্যবহার করা হইলে আমদানিকারক কর্তৃক দাখিলকৃত অঙ্গিকারনামা

ফেরতযোগ্য হইবে অন্যথায় প্রযোজ্য শুল্ক-কর আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

২।	৩ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১২৪-আইন/২০২০/৭৫/ কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩।	এই প্রজ্ঞাপন ৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**

**প্রত্যয়নপত্র**

**[শর্তাবলির দফা (৩) দ্রষ্টব্য]**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, (প্রতিষ্ঠানের নাম) --------------------, ঠিকানা -------------------------------------------------, মূসক নিবন্ধন নম্বর ----------------- তারিখ ---------------, বন্ড লাইসেন্স নং (প্রযোজ্য ক্ষেত্রে) ---------------------- তারিখ --------------- একটি শতভাগ রপ্তানিমুখী/আংশিক রপ্তানিমুখী/অন্যান্য শিল্প বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান।

উক্ত শিল্প বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ভবনের নকশা অথবা অগ্নি নির্বাপণ ব্যবস্থা সংযোজন/স্থাপন সংক্রান্ত নকশা অনুযায়ী অগ্নি নির্বাপণ ব্যবস্থা স্থাপনের জন্য নিম্নের ছকে বর্ণিত পরিমাণ পণ্য আমদানি করিতে হইবে, যথা:-

ছক

| ক্রমিক নং | H. S. Code | পণ্যের বর্ণনা | পরিমাণ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | | | |

উক্ত পরিমাণ পণ্য প্রজ্ঞাপন এস.আর.ও. নং ......-আইন/২০২১/...../কাস্টমস, তারিখ -....../০৬/২০২১ খ্রিষ্টাব্দ অনুযায়ী রেয়াতি সুবিধায় আমদানির সুপারিশ করা হইল।

| | |
|---|---|
| স্বাক্ষর:<br>তারিখ:<br>নাম:<br>পদবি: ------------<br>(লে-আউট প্ল্যান প্রস্তুতকারী রেজিস্টার্ড ইঞ্জিনিয়ারিং ফার্ম)/(পরিদর্শন সংস্থা)<br><br>সীল: | স্বাক্ষর:<br>তারিখ:<br>নাম:<br>পদবি: সভাপতি,<br>..................(আমদানিকারক শিল্প বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান এর সংশ্লিষ্ট এসোসিয়েশনের নাম ও ঠিকানা)<br>সীল: |

**পরিশিষ্ট-২**

**প্রত্যয়নপত্র**

**[শর্তাবলির দফা (৯) দ্রষ্টব্য]**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, আমদানিকারক --------------------------------- -------------------------------------- (প্রতিষ্ঠানের নাম ও পূর্ণ ঠিকানা) মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধন নং--------------------, তারিখ ------------------- বন্ড লাইসেন্স নং (প্রযোজ্য ক্ষেত্রে) ----------------তারিখ--------------------কর্তৃক ----------------------------- কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন এর বিল অব এন্ট্রি নং -----------------, তারিখ------------------- এর মাধ্যমে খালাসকৃত পণ্য বা উপকরণ উক্ত প্রতিষ্ঠানের কারখানায় বা সেবা প্রদান স্থানে অগ্নি নির্বাপণ ব্যবস্থা স্থাপনের কাজে ব্যবহার করা হইয়াছে।

স্বাক্ষর:

তারিখ: নাম:

কমিশনার

....................................

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**

**সিনিয়র সচিব।**